

২০২৩

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-3

(ছন্দ, কৃত্তিবাসী রামায়ণ ও বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) মাত্রা বা কলা কাকে বলে?

খ) “আমি বিধির বিধান ভাঙিয়াছি, আমি এমনি শক্তিমান”

— শুধুমাত্র পর্ব বিভাজন করো।

গ) বাংলায় তিনটি ছন্দের ক্ষেত্রে রুদ্ধদলের মাত্রা গণনারীতি কেমন হয়ে থাকে?

ঘ) ‘ব্রজবুলি’ কী? উদাহরণসহ বুঝিয়ে দাও।

ঙ) পঞ্চরস কাকে বলে? যে-কোনো একটি রস থেকে দুটি চরণ উদ্ধৃত করো।

[পরের পাতায়]

- চ) “ব্রহ্মা বলেন, মারুতি, আমার এ বর।
এই বরে হও তুমি অজয় অমর।।”
— ‘মারুতি’র পরিচয় দাও।
- ছ) মূল রামায়ণে কোন্ কোন্ মুনির নাম উল্লেখিত হয়েছে? কিন্তু কৃত্তিবাসী রামায়ণে কেবলমাত্র কোনো একজন মুনির কথাই বলা হয়েছে— তিনি কে?
- জ) গজ কচ্ছপের গল্পটি কী ছিল?
- ঝ) পয়ার ও অমিত্রাক্ষর ছন্দের মধ্যে মূলগত তফাৎটি কী তা লেখো।
- ঞ) বিদ্যাপতি ও চণ্ডীদাসের ভাবশিষ্য কারা ছিলেন? তাঁদের শ্রেষ্ঠত্ব কোন্ পর্যায়ের ছিল?
- ট) কুবেরের সঙ্গে রাবণের যুদ্ধ হয়েছিল কেন? যুদ্ধের ফলাফল কী হয়েছিল?
- ঠ) কাঁকলাস কী?
- ড) ‘আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ
পেখলুঁ পিয়া মুখ চন্দা।’
— উদ্ধৃত অংশটির অর্থ পর্যায়ের নামসহ লেখো।
- ঢ) ‘মান্নাতা’ কে? কোন্ প্রসঙ্গে কাব্যে এই নামটি উল্লেখিত হয়েছে?
- ণ) ‘মিশ্রকলাবৃত্ত’— এরূপ নামকরণের কারণ কী?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- ক) ছন্দোলিপি করো (যে কোনো একটি) :
- অ) “কলিকাতা শোনে নাকো চলার খেয়ালে,
নৃত্যের নেশা তার স্তম্ভে দেয়ালে।”

আ) “বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই—

মাগো, আমার শোলোক বলা কাজলা দিদি কই?”

- খ) স্বরবৃত্ত ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যাবলী বুঝিয়ে দাও।
- গ) কবি বলরামদাসের শ্রেষ্ঠত্ব কোন্ পর্যায়ের পদ রচনায়? তোমার পঠিত পদ অবলম্বনে বিষয়টি আলোকিত করো।
- ঘ) ‘আজু হাম কি পেখলু নবদ্বীপ চন্দ’
— পদটির পদকর্তা কে এবং এটি কোন্ পর্যায়ের পদ বলে তুমি মনে করো এবং কেন?
- ঙ) বাংলার কৃষ্ণিবাসোত্তর মঙ্গলকাব্যগুলি কৃষ্ণিবাসী রামায়ণের দ্বারা কতখানি প্রভাবিত হয়েছিল?
- চ) ‘উত্তরাকাণ্ডের পরিসমাপ্তি শুধু কবিত্বপূর্ণ নয়, নাট্যাণুগেও সমৃদ্ধ’
— আলোচনা করো।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) গদ্যছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যাবলী উদাহরণসহ আলোচনা করো।
- খ) ‘প্রার্থনা’ বিষয়ক পদে বিদ্যাপতি যে নৈপুণ্য দেখিয়েছেন, তা নিজের ভাষায় প্রকাশ করো।
- গ) উত্তরাকাণ্ডে সীতা চরিত্র কবি কৃষ্ণিবাস যেভাবে নির্মাণ করেছেন, তা আলোচনা করো।
- ঘ) বৈষ্ণব পদকর্তা চন্ডীদাসের কবি প্রতিভা সম্পর্কে আলোকপাত করো।